গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা

সংবাদ গতিধারা

জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার

সংখ্যা : ১৫৬/২০১৭-১৮

ঢাকা, রোববার ১১ ফেব্রুয়ারি ২০১৮, ২৯ মাঘ ১৪২৪

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। রাষ্ট্রপতি চট্টগ্রাম ভেটেরিনারি বিশ্ববিদ্যালয়ের সমাবর্তনে যোগ দিতে আজ চট্টগ্রাম যাচ্ছেন

২। প্রধানমন্ত্রী ইতালি যাচ্ছেন আজ

৩। রোহিঙ্গা প্রত্যাবাসনে বাংলাদেশের পাশে আছে যুক্তরাজ্য : ব্রিটিশ পররাষ্ট্রমন্ত্রী

৪। দক্ষিণাঞ্চলে বিদ্যুতের আর কোনো সমস্যা থাকবে না : বাণিজ্যমন্ত্রী

৫। মানসিক স্বাস্থ্যখাতের উন্নয়নে নীতিমালা হচ্ছে : স্বাস্থ্যমন্ত্রী

৬। কৃষি যন্ত্রপাতি মেলার উদ্বোধন করলেন স্থানীয় সরকার মন্ত্রী

৭। হাওরবাসীর দুঃখ ঘোচাতে বিশেষ পরিকল্পনা গ্রহণ করা হয়েছে : পানিসম্পদমন্ত্রী

৮। মাদক, সন্ত্রাসবাদের বিরুদ্ধে সোচ্চার থাকতে হবে : নৌমন্ত্রী

৯। মাদকের সঙ্গে জড়িতরা দলীয় কর্মী হলেও কঠোর ব্যবস্থা : স্বরাষ্ট্রমন্ত্রী

চলমান পাতা-২

১। রাষ্ট্রপতি চট্টগ্রাম ভেটেরিনারি বিশ্ববিদ্যালয়ের সমাবর্তনে যোগ দিতে আজ চট্টগ্রাম যাচ্ছেন

চট্টগ্রাম ভেটেরিনারি ও এনিম্যাল সাইন্সেস বিশ্ববিদ্যালয়ের ১ম সমাবর্তন আজ (১১ ফেব্রুয়ারি রোববার) বিশ্ববিদ্যালয়ের খেলার মাঠে অনুষ্ঠিত হবে। রাষ্ট্রপতি ও বিশ্ববিদ্যালয়ের চ্যান্সেলর মোঃ আবদুল হামিদ সমাবর্তনে সভাপতিত্ব করবেন। অনুষ্ঠানে সমাবর্তন বক্তা হিসেবে উপস্থিত থাকবেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রফেসর ইমেরিটাস ড. এ কে আজাদ চৌধুরী। সূত্র : **ইত্তেফাক** (পৃ.১৯,ক.৬)।

২। প্রধানমন্ত্রী ইতালি যাচ্ছেন আজ

প্রধানমন্ত্রী শেখ হাসিনা ইন্টারন্যাশনাল ফান্ড ফর এগ্রিকালচারাল ডেভেলপমেন্ট (ইফাদ)-এর পরিচালনা পর্ষদের বার্ষিক অধিবেশনে যোগ দিতে ইতালিতে চার দিনের সরকারি সফরে আজ (১১ ফেব্রুয়ারি রোববার) রোমের উদ্দেশে ঢাকা ত্যাগ করবেন। ইফাদ-এর প্রেসিডেন্ট গিলবার্ট এফ হুনগবো'র আমন্ত্রণে প্রধানমন্ত্রী পরিচালনা পর্ষদের ৪১তম বার্ষিক অধিবেশনে যোগদান করবেন। পোপ ফ্রান্সিসের আমন্ত্রণে প্রধানমন্ত্রী শেখ হাসিনা ভ্যাটিক্যান সিটি সফর করবেন, সেখানে তিনি পোপ ফ্রান্সিসের সঙ্গে বৈঠক করবেন। সূত্র : **সংবাদ** (শেষ পৃ.,ক.১), **জনকণ্ঠ** (পৃ.১,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (শেষ পৃ.,ক.১), **ডেইলি সান** (পৃ.১,ক.১)।

৩। রোহিঙ্গা প্রত্যাবাসনে বাংলাদেশের পাশে আছে যুক্তরাজ্য : ব্রিটিশ পররাষ্ট্রমন্ত্রী

ব্রিটিশ পররাষ্ট্রমন্ত্রী বরিস জনসন বলেছেন, বাংলাদেশে অবস্থানরত রোহিঙ্গাদের মিয়ানমারে নিরাপদ প্রত্যাবাসনে কাজ করছে যুক্তরাজ্য। রোহিঙ্গারা যাতে নিরাপদে তাদের অধিকার নিয়ে নিজ দেশে ফিরে যেতে পারে এবং রাখাইনে অবাধে চলাফেরা করতে পারে সেটাই আমাদের প্রত্যাশা। রোহিঙ্গা ইস্যুতে যুক্তরাজ্য বাংলাদেশের পাশে রয়েছে বলেও তিনি জানান। গতকাল (১০ ফেব্রুয়ারি শনিবার) কক্সবাজারের উখিয়ার কুতুপালং ও বালুখালী রোহিঙ্গা ক্যাম্প পরিদর্শনের পর সাংবাদিকদের সঙ্গে আলাপকালে তিনি এসব কথা বলেন। **সংবাদ** (পৃ.১,ক.৭), **জনকণ্ঠ** (শেষ পৃ.,ক.২), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.৭), **অবজারভার** (পৃ.১,ক.২)।

৪। দক্ষিণাঞ্চলে বিদ্যুতের আর কোনো সমস্যা থাকবে না : বাণিজ্যমন্ত্রী

বাণিজ্যমন্ত্রী তোফায়েল আহমেদ বলেছেন, ভোলাসহ দেশের দক্ষিণাঞ্চলে বিদ্যুতের আর কোনো সমস্যা থাকবে না। বাণিজ্যমন্ত্রী বলেন, ভোলায় ইতোমধ্যে ১ দশমিক ৫ ট্রিলিয়ন গ্যাস পাওয়া গেছে। আরো ৩টি কূপ খনন হলে ২ ট্রিলিয়ন গ্যাস পাওয়া যাবে। ফলে গ্যাসভিত্তিক শিল্প ও কলকারখানা গড়ে উঠলে ভোলা হবে দেশের মধ্যে উন্নত একটি জেলা। মন্ত্রী গতকাল (১০ ফেব্রুয়ারি শনিবার) ভোলা সদর উপজেলার বাংলাবাজার এলাকায় স্বাধীনতা জাদুঘর পরিদর্শন শেষে সাংবাদিকদের এক প্রশ্নের জবাবে এ কথা বলেন। সূত্র : **ইত্তেফাক** (পৃ.২,ক.১), **জনকণ্ঠ** (শেষ পৃ.,ক.৭), **ডেইলি সান** বিজনেস পাতা (পৃ.১,ক.১), **নিউজ টুডে** (শেষ পৃ.,ক.৬)।

৫। মানসিক স্বাস্থ্যখাতের উন্নয়নে নীতিমালা হচ্ছে : স্বাস্থ্যমন্ত্রী

মানসিক স্বাস্থ্যখাতের উন্নয়নে শীঘ্রই নতুন নীতিমালা প্রণয়ন করতে যাচ্ছে সরকার। গতকাল (১০ ফেব্রুয়ারি শনিবার) ঢাকা বিশ্ববিদ্যালয়ের নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবনের মূল মিলনায়তনে 'মেন্টাল হেলথ গ্যাপ ইন এশিয়ান কান্ট্রিজ : স্কোপ অব সিবিটি' প্রতিপাদ্যে ষষ্ঠ এশিয়ান কগনেটিভ বিহেভিয়ার থেরাপি (সিবিটি) সম্মেলনে এ তথ্য জানান স্বাস্থ্যমন্ত্রী মোহাম্মদ নাসিম। সূত্র-**সমকাল** (পৃ.৫,ক.২), **নিউজ টুডে** (পৃ.২,ক.৫), **বাংলাদেশ টুডে** (পৃ.৩,ক.৫)।

চলমান পাতা/২

৬।	**কৃষি যন্ত্রপাতি মেলার উদ্বোধন করলেন স্থানীয় সরকার মন্ত্রী**

কৃষি মন্ত্রণালয়ের উদ্যোগে প্রথমবারের মতো শুরু হয়েছে তিন দিনব্যাপী 'জাতীয় কৃষি যন্ত্রপাতি মেলা ২০১৮'। গতকাল (১০ ফেব্রুয়ারি শনিবার) রাজধানীর ফার্মগেটে কৃষিবিদ ইনস্টিটিউশন চত্বরে 'কৃষি যন্ত্রপাতি ব্যবহারে, অর্থ-শ্রম-সময় বাঁচবে' প্রতিপাদ্য নিয়ে এ মেলা শুরু হয়। এ মেলার উদ্বোধন করেন স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রী খন্দকার মোশাররফ হোসেন। এ সময় কৃষিমন্ত্রী মতিয়া চৌধুরী উপস্থিত ছিলেন। মেলায় সরকারি ও বেসরকারি ২১টি প্রতিষ্ঠানের বিভিন্ন প্রকার আধুনিক কৃষি যন্ত্রপাতি প্রদর্শন করা হচ্ছে। সূত্র : **সংবাদ** (শেষ পৃ.,ক.৫), **ইত্তেফাক** (পৃ.৩,ক.৪), **ডেইলি সান** বিজনেস পাতা (পৃ.১,ক.৬)।

৭।	**হাওরবাসীর দুঃখ ঘোচাতে বিশেষ পরিকল্পনা গ্রহণ করা হয়েছে : পানিসম্পদমন্ত্রী**

সুনামগঞ্জের হাওরে গত মৌসুমের মতো এবার যাতে ফসলহানি না ঘটে, সেজন্য পানিসম্পদ মন্ত্রণালয় সর্বোচ্চ চেষ্টা করছে। এরই মধ্যে বাঁধের কাজ শুরু করা হয়েছে। হাওরবাসীর দুঃখ ঘোচাতে প্রধানমন্ত্রীর নির্দেশে বিশেষ পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। তবে হাওররক্ষায় ঐ এলাকার প্রশাসন-জনপ্রতিনিধি সবাইকে আরও সক্রিয় হতে হবে। গতকাল (১০ ফেব্রুয়ারি শনিবার) সুনামগঞ্জের জামালগঞ্জ উপজেলার পাগনার হাওরপাড়ে ভাণ্ডা গ্রামে কৃষকদের সমাবেশে পানিসম্পদমন্ত্রী আনোয়ার হোসেন মঞ্জু এসব কথা বলেন। সূত্র-**সমকাল** (পৃ.৭,ক.৬), **জনকণ্ঠ** (পৃ.১৪,ক.১), **ইত্তেফাক** (শেষ পৃ.,ক.১)।

৮।	**মাদক, সন্ত্রাসবাদের বিরুদ্ধে সোচ্চার থাকতে হবে : নৌমন্ত্রী**

নৌপরিবহণমন্ত্রী শাজাহান খান বলেছেন, মাদক, জঙ্গিবাদ, সন্ত্রাসবাদের বিরুদ্ধে সর্বদা সোচ্চার থাকতে হবে। সমাজ থেকে পুরোপুরি জঙ্গিবাদ, সন্ত্রাসবাদ, মাদকাসক্তি, বাল্যবিবাহ নিরোধ করতে হলে সমাজের সকল শ্রেণি পেশার মানুষকে একত্রিত করে কাজ করতে হবে। মুক্তিযুদ্ধের চেতনায় মানুষকে ঐক্যবদ্ধভাবে গড়ে তুলতে হবে। গতকাল (১০ ফেব্রুয়ারি শনিবার) সরকারি নাজিমউদ্দিন কলেজ মাঠে মাদারীপুর সদর উপজেলা পরিষদের আয়োজনে মাদক, জঙ্গিবাদ, সন্ত্রাসবাদ ও বাল্যবিবাহবিরোধী সমাবেশে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১৫,ক.৭)।

৯।	**মাদকের সঙ্গে জড়িতরা দলীয় কর্মী হলেও কঠোর ব্যবস্থা : স্বরাষ্ট্রমন্ত্রী**

স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খাঁন কামাল বলেছেন, কোনো মাদক ব্যবসায়ীকেই ছাড় দেওয়া হবে না। সে যে দলেরই হোক না কেন। যদি আমার দলের মধ্যেও কোনো নেতা-কর্মী মাদক ব্যবসায়ী বা সেবনকারী থাকে তবে তার বিরুদ্ধেও কঠোর ব্যবস্থা নেওয়া হবে। এ অপকর্মের জন্য প্রয়োজনে তাদের ছবি রাস্তায় রাস্তায় পোস্টার ব্যানার আকারে লাগিয়ে দেওয়া হবে। এ বিষয়ে অভিভাবকদের সচেতন থাকার আহ্বান জানান তিনি। গতকাল (১০ ফেব্রুয়ারি শনিবার) ঢাকার দোহার উপজেলার মুকসুদপুরে পদ্মা কলেজের শিক্ষা ও গৌরবের ২৫ বছরে রজতজয়ন্তী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে মন্ত্রী এসব কথা বলেন। সূত্র : **ইত্তেফাক** (শেষ পৃ.,ক.৪), **সমকাল** (পৃ.৪,ক.১)।

চলমান পাতা/৪

সম্পাদকীয়

ক. **ইত্তেফাক :** রাজবাড়ী সদর উপজেলার শহিদ ওহাবপুর ইউনিয়নের নিমতলা-কোলারহাট সড়কের গৌরিপুর ব্রিজটির মাঝখানের অংশ ভেঙ্গে পড়ায় তা জনদুর্ভোগের কারণ হচ্ছে উল্লেখ করে সারাদেশে এ ধরনের ভাঙ্গা সেতু সংস্কারের ওপর গুরুত্বারোপ।

খ. **জনকণ্ঠ :** প্রধানমন্ত্রী শেখ হাসিনা পটুয়াখালী জেলার লেবুখালীতে সেনানিবাসের উদ্বোধন করায় স্বাগত জানিয়ে এটি দক্ষিণাঞ্চলের নিরাপত্তার নয়াদিগন্ত হিসেবে চিহ্নিত হবে বলে মতপ্রকাশ।

গ. **সমকাল :** সন্দ্বীপে সাবমেরিন ক্যাবল সুবিধা কাজে লাগিয়ে বিদ্যুৎ যাচ্ছে এ খবরে স্বস্তি প্রকাশ করে এ পদক্ষেপের দ্রুত বাস্তবায়ন প্রত্যাশা।

ঘ. **যায়যায়দিন :** দেশের বর্তমান উদ্বেগজনক রাজনৈতিক প্রেক্ষাপট পর্যালোচনা সাপেক্ষে রাজনৈতিক দলগুলোকে শান্তি বজায় রাখার জন্য জাতিসংঘের পক্ষ থেকে যে আহ্বান জানানো হয়েছে তা আমলে নিয়ে জনগণের কল্যাণের জন্য রাজনীতি পরিচালনার আহ্বান।

ঙ. **ইন্ডিপেনডেন্ট :** দেশের কৃষির উন্নয়নে কৃষকদের কৃষি সংক্রান্ত সঠিক জ্ঞান ও প্রশিক্ষণের ব্যবস্থা করার ওপর গুরুত্বারোপ।

চ. **ডেইলি সান :** চট্টগ্রাম বন্দরের ফ্লাইওভারের ওপর ও উভয় মুখে মালবোঝাই ট্রাক ও কন্টেইনার বহনকারী ট্রাকের দীর্ঘ সময় ধরে অবস্থান করার পরিপ্রেক্ষিতে ফ্লাইওভারের স্থায়ীত্ব নিয়ে সংকট দেখা দেওয়ায় সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে বিষয়টি গুরুত্বের সঙ্গে বিবেচনায় নেওয়ার সুপারিশ।

ছ. **ডেইলি স্টার :** ঢাকা থেকে লন্ডনে বিমানে পণ্য পরিবহণে নিরাপত্তার অজুহাতে যুক্তরাজ্যের দেওয়া নিষেধাজ্ঞা প্রত্যাহারের সিদ্ধান্তে অনুপ্রাণিত হয়ে ইউরোপীয় ইউনিয়নসহ অন্যান্য দেশও এ নিষেধাজ্ঞা প্রত্যাহার করবে বলে প্রত্যাশা ব্যক্ত।

জ. **নিউজ টুডে :** সাতটি নদী খননে নৌপরিবহণ মন্ত্রণালয়ের প্রস্তাবিত ৩৯৬৪.১৭ কোটি টাকার পরিকল্পনা যথাযথভাবে বাস্তবায়নের প্রত্যাশা করে সম্পাদকীয় প্রকাশ।

উপসম্পাদকীয়

জনকণ্ঠ পত্রিকায় প্রকাশিত কলামে দেশের সর্বত্র ইন্টারনেটের সেবা বিকশিত হলে তরুণ সমাজের উদ্ভাবন বিকশিত হবে বলে উল্লেখ করা হয়েছে।

নিবন্ধ ও ফিচার

সমকাল পত্রিকায় প্রকাশিত **'ভালবাসি : বাংলা ভাষা'** শিরোনামের নিবন্ধে অভিমত প্রকাশ করা হয়েছে, জাতীয়তাবোধ ও শিক্ষা সংস্কৃতির ব্যাপক প্রসারের মাধ্যমে বাংলা ভাষাকে বিশ্বায়নের উপযোগী করে গড়ে তুলতে হবে।

#

ফাহিমা/শুকলা/মরজিনা/সাঈদা/রশীদ/তানিয়া/২০১৮/৯.০০ঘন্টা